৩৩৬

তারিখ SEP. 5 1999
পৃষ্ঠা ১০ কলাম ৩

দৈনিক ইনকিলাব

# ৭ সেপ্টেম্বরের মধ্যে শিক্ষক সমিতির জেলা ও থানা সংগ্রাম কমিটি গঠনের আহবান

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আব্দুল্লাহ, মহাসচিব মোঃ সেলিম ভূঁইয়া সহসভাপতিবৃন্দ মোঃ শহীদউল্লাহ (ঢাকা), কাজী আঃ রাজ্জাক (খুলনা), মুহিবুর রহমান চৌধুরী (চট্টগ্রাম), কাজী মজিবুর রহমান (বরিশাল), আঃ বারী (রাজশাহী) ও আঃ জলিল (সিলেট) এক যুক্ত বিবৃতিতে আগামী ৬ অক্টোবর ঢাকায় শিক্ষক মহাসমাবেশকে সফল করার লক্ষ্যে প্রত্যেক জেলা ও থানায় ৭ সেপ্টেম্বরের মধ্যে সংগ্রাম কমিটি গঠন করে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের কার্যালয়ে এক কপি ও মোঃ সেলিম ভূঁইয়া মহাসচিব, বাংলাদেশ শিক্ষক সমিতি শুক্রাবাদ হাইস্কুল, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ ঠিকানায় এক কপি প্রেরণের অনুরোধ করা হয়েছে। নেতৃবৃন্দ বলেন, এবারের শিক্ষক আন্দোলন হবে অতীতের সমস্ত শিক্ষক আন্দোলনের চেয়ে বড় ও ভয়াবহ। এই আন্দোলনে শিক্ষক সমাজ তাদের দাবী-দাওয়া সরকারের কাছ থেকে কড়ায়-গণ্ডায় আদায় করে নিবে। শিক্ষকদের দাবীর প্রতি সরকারের উদাসীনতার ফলেই শিক্ষক সমাজ আন্দোলনে নামতে বাধ্য হচ্ছেন।